

এইচএসসির ৫ দিনের রঞ্চিনে পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক ৯ এপ্রিল ২০১৯ ০০:০০ | আপডেট: ৯ এপ্রিল ২০১৯ ০০:৮০

আমাদের ময়

সারাদেশে চলমান উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষার পাঁচ দিনের সময়সূচি পরিবর্তন করেছে সংশ্লিষ্ট বোর্ড। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি অধ্যাপক মু. জিয়াউল হক স্বাক্ষরিত নতুন রঞ্চিনে উল্লেখ করা হয়েছে, আগামী ১৭ এপ্রিলের পরীক্ষাগুলো ৯ মে বিকালে, ১৮ এপ্রিলের পরীক্ষা ১১ মে বিকালে এবং ২২ এপ্রিলের পরীক্ষা ১২ মে বিকালে নেওয়া হবে। এ ছাড়া ৪ মে এবং ৬ মের পরীক্ষা একই দিন সকালের পরিবর্তে বিকালে নেওয়া হবে। রঞ্চিন পরিবর্তনের কারণ হিসেবে মু. জিয়াউল হক বলেন, শবেবরাতের কারণে একদিনের এবং পরীক্ষাগুলো পাশাপাশি পড়ে যাওয়ায় শিক্ষার্থীদের সুবিধার কথা বিবেচনা করে অন্য চার দিনের পরীক্ষাসূচি বদলে দেওয়া হয়েছে। এবার শবেবরাত পালিত হবে ২১ এপ্রিল রাতে, আর সরকারি ছুটি থাকবে ২২ এপ্রিল। ২০১৯ সালের বর্ষপঞ্জিতে ২১ এপ্রিল শবেবরাতের ছুটি নির্ধারিত ছিল, সেই হিসেবে পরীক্ষার রঞ্চিন তৈরি করা হয়েছিল। গত ১ এপ্রিল থেকে দেশজুড়ে শুরু হওয়া এইচএসসি ও সমমানের পরীক্ষায় এবার ১৩ লাখ ৫১ হাজার ৫০৫ শিক্ষার্থী অংশ নিচ্ছে। আগামী ১১ মে এইচএসসির তত্ত্বায় পরীক্ষা শেষ হওয়ার কথা থাকলেও এখন তা ১২ মে শেষ হবে। আর ১২ থেকে ২১ মের মধ্যে হবে ব্যবহারিক পরীক্ষা।

শেয়ার ফেসবুক